

উপজেলা পরিষদ
রুমা, বান্দরবান পার্বত্য জেলা

উপজেলা কৃষি ও সেচ কমিটির জানুয়ারি ২০২২ মাসের সভার কার্যবিবরণী

তারিখ : ২৬/০১/২০২২ সময়: সকাল ১১.৩০ ঘটিকা
স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, রুমা, বান্দরবান।
সভাপতি : জনাব থাংখাম লিয়ান বম, সভাপতি, উপজেলা কৃষি ও সেচ বিষয়ক কমিটি ও ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,
রুমা, বান্দরবান।
অংশগ্রহণকারীর তালিকা : পরিসিদ্ধ ক

অদ্য ২৬/০১/২০২২ইং উপজেলা পরিষদ সম্মেলনকক্ষে উপজেলা কৃষি ও সেচ বিষয়ক কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন জনাব থাংখাম লিয়ান বম, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রুমা, বান্দরবান পার্বত্য জেলা

ক্রমিক	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	<p>উপজেলা কৃষি কর্মকর্তার প্রতিনিধী জানান, চলমান রবি/২০২১-২০২২ মৌসুমে বাস্তবায়নধীন প্রদর্শনীসমূহ যথাযথ নির্দেশনা মোতাবেক চলমান রয়েছে।</p> <p>২। নতুনভাবে কিছু মসলা জাতীয় ফসলের প্রদর্শনী বরাদ্দ পাওয়া গেছে। বরাদ্দকৃত প্রদর্শনীসমূহ নির্দেশনা মোতাবেক বাস্তবায়ন করা হবে।</p> <p>৩। লেবু জাতীয় ফসলের প্রকল্পের আওতায় নতুনভাবে ফল বাগান প্রদর্শনীর বরাদ্দ পাওয়া গেছে। বরাদ্দকৃত প্রদর্শনীসমূহ ইতোমধ্যে উপযোগিতা অনুসারে বিভাজন করা হয়েছে। আগামী জুন মাসে চারা বিতরণ করা হবে।</p> <p>৪। ব্লক পর্যায়ে কর্মরত উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণের ব্লক মনিটরিং কার্যক্রমের সুবিধার্থে ইতোমধ্যে পাক্ষিক অধিবেশন/পাক্ষিক প্রশিক্ষণ কার্যক্রমের দিবস প্রতি সপ্তাহের মঙ্গলবারের পরিবর্তে সোমবার করা হয়েছে।</p> <p>৫। ব্লক পর্যায়ে চলমান কার্যক্রমসমূহ নিয়মিতভাবে মনিটরিং পূর্বক প্রয়োজনীয় কারিগরি পরামর্শ প্রদান অব্যাহত রয়েছে।</p> <p>৬। কৃষক প্রশিক্ষণ আয়োজনের মাধ্যমে কৃষকের দক্ষতা উন্নয়ন কার্যক্রম চলমান রয়েছে।</p> <p>অন্যান্য নিয়মিত দাপ্তরিক কার্যক্রম অব্যাহত আছে।</p>	<p>তাঁর বিভাগে নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য পরামর্শ দেয়া হয়।</p>	<p>উপজেলা কৃষি কর্মকর্তা, রুমা</p>

সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি মহোদয় সিদ্ধান্তসমূহ আন্তরিকতার সাথে বাস্তবায়ন করার জন্য পরামর্শ প্রদান করেন এবং সভায় সক্রিয় অংশগ্রহণের জন্য সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(থাংখাম লিয়ান বম)

সভাপতি

উপজেলা কৃষি ও সেচ বিষয়ক কমিটি

ও


ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ

রুমা, বান্দরবান পার্বত্য জেলা।

অনুলিপি, সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে :

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বুমা, বান্দরবান পার্বত্য জেলা
- ২। উপজেলা নির্বাহী কর্মকর্তা, বুমা, বান্দরবান পার্বত্য জেলা
- ৩। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রুমা, বান্দরবান পার্বত্য জেলা
- ৪। চেয়ারম্যান, ৩নং রেমাক্রী প্রাংসা ইউপি, বুমা, বান্দরবান পার্বত্য জেলা
- ৫। জনাব, (সকল সদস্য), বুমা, বান্দরবান পার্বত্য জেলা
- ৬। অফিস কপি



সদস্য-সচিব

উপজেলা কৃষি ও সেচ বিষয়ক ও

উপজেলা কৃষি কর্মকর্তা, রুমা, বান্দরবান পার্বত্য জেলা